

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 সমাজকল্যাণ মন্ত্রণালয়  
 কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা  
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.msw.gov.bd](http://www.msw.gov.bd)

## বিজ্ঞপ্তি

নং ৪১.০০.০০০০.০১৬.২৩.০১৭.২৩-৭৮

তারিখ: ০৬ আষাঢ় ১৪৩০  
 ২০ জুন ২০২৩

### বিষয় : জাতীয় মানবকল্যাণ পদক ২০২১-২২ এবং ২০২২-২৩ প্রদান

‘জাতীয় মানবকল্যাণ পদক নীতিমালা ২০২২’ অনুযায়ী ‘জাতীয় মানবকল্যাণ পদক ২০২১-২২ এবং ২০২২-২৩’ প্রদানের নিমিত্ত নিম্নোক্ত যে কোন ক্ষেত্রে অবদান রেখেছেন এমন বাংলাদেশী ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠানের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

(১) বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাদের এবং পরিবারহীন বয়স্ক পুরুষদের কল্যাণ ও পুনর্বাসন, (২) প্রাণিক, অনগ্রসর ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর সামাজিক সুরক্ষা, আন্তর্ভুক্ত শৈলকরণ ও কর্মসংস্থান সৃষ্টি, (৩) প্রতিবক্তী ও নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবক্তী ব্যক্তিদের কল্যাণ, জীবনমান উন্নয়ন, কর্মসংস্থান, ইনকুসিভ শিক্ষা বাস্তবায়ন ও সামাজিক সুরক্ষা, (৪) সুবিধাবঞ্চিত, আইনের সংস্পর্শে আসা, আইনের সাথে সংঘাতে জড়িত শিশু, কারামুক্ত কয়েদি, ভবদূরে ও নিরাশ্রয় ব্যক্তিদের কল্যাণ, উন্নয়ন ও পুনঃএকটীকরণ, (৫) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের এমন কোন কর্ম যা সমাজের মানুষের মেধা ও মননের বিকাশ, জীবনমান ও পরিবেশের উন্নয়ন, সমাজবক্ত মানুষের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের উন্নয়ন ও সর্বোপরি মানবকল্যাণ ও মানবতাবোধে সমাজ বা রাষ্ট্রকে ইতিবাচক ভাবে প্রভাবিত করার কার্যক্রম এ গুরুত্বপূর্ণ অবদান ও গৌরবোজ্জল ভূমিকার জন্য ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠান পর্যায়ে ০৫টি ক্ষেত্রে জাতীয় মানবকল্যাণ পদক প্রদান করা হবে।

জাতীয় মানবকল্যাণ পদক নীতিমালার ১১ধারা অনুসারে মনোনয়ন প্রেরণ এবং এ প্রক্রিয়া সম্পাদনের সময়সূচি নিম্নরূপ:


	কর্মসূচি	নির্ধারিত সময়সীমা
(ক)	মনোনয়ন আহ্বান	০৫ জুলাই, ২০২৩
(খ)	জেলা কমিটিতে আবেদন প্রাপ্তি	৩১ জুলাই, ২০২৩
(গ)	জেলা কমিটিতে মনোনয়ন চূড়ান্তকরণ	১৭ আগস্ট, ২০২৩
(ঘ)	জেলা কমিটি কর্তৃক মন্ত্রণালয়ে মনোনয়ন সুপারিশ প্রেরণ	৩১ আগস্ট, ২০২৩
(ঙ)	মন্ত্রণালয় বা বিভাগ হইতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ	৩১ আগস্ট, ২০২৩
(চ)	জাতীয় বাচাই কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ	১৫ অক্টোবর, ২০২৩
(ছ)	জাতীয় বাচাই কমিটি কর্তৃক চূড়ান্ত মনোনয়ন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	৩১ অক্টোবর, ২০২৩
(জ)	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনয়ন অনুমোদনক্রমে পদক ঘোষণা	০২ জানুয়ারি, ২০২৪

\* ‘জাতীয় মানবকল্যাণ পদক ২০২১-২২ এবং ২০২২-২৩’ এর মনোনয়ন ছক এবং নীতিমালা সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইট ([www.msw.gov.bd](http://www.msw.gov.bd)), সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইট ([www.dss.gov.bd](http://www.dss.gov.bd)) এবং সকল জেলা সমাজসেবা কার্যালয়ে পাওয়া যাবে।

\* সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ে অবস্থিত জেলা সমাজসেবা কার্যালয়ে আবেদন দাখিল করতে হবে।

\* মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ের মনোনয়নের ক্ষেত্রে সরাসরি সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

\* যে সালের জন্য আবেদন করতে ইচ্ছুক তা আবেদন ফরম এবং খামের উপর উল্লেখ করতে হবে।

  
 (শম্পা কুন্ডু)  
 সিনিয়র সহকারী সচিব  
 ফোন: ৯৫৭৬৬৮৩  
 Email: [performance@msw.gov.bd](mailto:performance@msw.gov.bd)